গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল।
(স্থানীয় সরকার শাখা)
www.narail.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100
উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নম্বর ০৫.৪৪.৬৫০০.৬০২.১৩.০০৩.২২. ৩০৩

তারিখ : ২৭ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ।
১১ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ শাখার ২২ জুন ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭.১১২ নম্বর স্মারকের ছাড়পত্র মোতাবেক নড়াইল জেলার ইউনিয়ন পরিষদসমূহে নিম্নোক্ত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য নড়াইল জেলার স্থায়ী বাসিন্দা ও বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ইউনিয়ন পরিষদ সচিব | ০৫ (পাঁচ) | গ্রেড-১৪ টাঃ ১০২০০-২৪৬৮০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী |

**আবেদনের শর্তাবলী :**

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও নড়াইল জেলার স্থানীয় বাসিন্দা হতে হবে।

২। সরকারের নির্দেশনা মোতাবেক উক্ত পদের বেতনের ৭৫% সরকারি অনুদান থেকে ও ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত ফরমে আগ্রহী প্রার্থীদের জেলা প্রশাসক, নড়াইল বরাবর আবেদন করতে হবে। উক্ত আবেদের ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়রে www.mopa.gov.bd ওয়েবসাইট অথবা জেলা তথ্য বাতায়ন www.narail.gov.bd ওয়েবসাইট এর নোটিশ বোর্ড হতে ডাউনলোড করা যাবে।

৪। **জেলা প্রশাসক,** নড়াইল **বরাবর স্বহস্তে লিখিত আবেদন** আগামী ১৩ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ তারিখে অফিস চলাকালীন সময়ে অবশ্যই ডাকযোগে অত্র কার্যালয়ে পৌঁছতে হবে। বিলম্বে প্রাপ্ত দরখাস্ত এবং অসম্পূর্ণ/ক্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৫। আবেদনের খামের উপর মোটা অক্ষরে **পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে)** এবং বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৬। প্রার্থীর বয়স ৩১ জুলাই **২০২২** খ্রিস্টাব্দ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে প্রাধিকার প্রাপ্তদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৭। আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংক লিমিটেডের যে কোন শাখা হতে জেলা প্রশাসক, নড়াইল এর নামে নির্বাচনী পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

৮। **আবেদনপত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :**

ক) সদ্য তোলা সত্যায়িত ০৩ (তিন) কপি ৫×৫ সে. মি. আকারের রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে।

খ) পৌরসভার মেয়র বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদ।

গ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি।

(ঘ) মহিলা প্রার্থীগণের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় সেক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

ঙ) কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। খামের উপরে পদের নাম ও কোটা অবশ্যই উল্লেখ করতে হবে।

চলমান অপর পাতা-২

## মুক্তিযোদ্ধাদের তথ্য

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয় পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয় পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয় পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

৯। প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০ (দশ) টাকা মূল্যের ডাকটিকেট যুক্ত ৪.৫"× ১০" সাইজের একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১০। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে।

১১। সরকার কর্তৃক ঘোষিত সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

১২। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থ গ্রহণ করা হবে।

১৩। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার পারদর্শীতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১৪। প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

মোহাম্মদ হাবিবুর রহমান
জেলা প্রশাসক
নড়াইল।
ফোন নম্বর : ০২-৪৭৭৭৭৩৩০১
E-mail-dcnarail@mopa.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৪.৬৫০০.৬০২.১৩.০০৩.২২.৩০৩

তারিখ : ২৭ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ। / ১১আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রশাসক------------------(সকল) ।
৫. পুলিশ সুপার, নড়াইল ও সদস্য নিয়োগ কমিটি।
৬. উপপরিচালক, স্থানীয় সরকার, নড়াইল ও সদস্য সচিব, নিয়োগ কমিটি।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর/লোহাগড়া/কালিয়া, নড়াইল।
৮. মেয়র, নড়াইল পৌরসভা, নড়াইল ও সদস্য নিয়োগ কমিটি।
৯. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নড়াইল ও সদস্য নিয়োগ কমিটি।
১০. উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর/লোহাগড়া/কালিয়া,নড়াইল।
১১. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল (তাঁকে বিজ্ঞপ্তি ও আবেদন ফরম এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২. সম্পাদক, --------------------------------------------নড়াইল (তাঁকে বিজ্ঞপ্তিটি আগামী ১৪/০৮/২০২২ খ্রিষ্টাব্দ তারিখ তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে ০৫ (পাঁচ) কপি ও বিধি মোতাবেক বিল ভাউচার জেলা প্রশাসক, নড়াইল বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
১৩. অফিস নথি/নোটিশ বোর্ড ।

জেলা প্রশাসক
নড়াইল।